

**সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ সাইলো এর নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য়  
কোয়ার্টারের সভার কার্যবিবরণীঃ**

সভাপতি: জনাব মোঃ নাজিম উদ্দীন

সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।

সভার তারিখ: ১৭/০১/২০২৪ খ্রি.; সময়: সকাল ১১.০০ ঘটিকা


স্থান: সাইলো অধীক্ষকের অফিস কক্ষ, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : সংযুক্ত হাজিরা সীট।


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	নৈতিকতা কমিটির সভা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২৩-২৪ বাস্তবায়নের নিমিত্ত তিন মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে কার্যকরী উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	ত্রৈমাসিকের ১ম মাসে নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে।	প্রধান সহকারী
২	‘বাংলাদেশ খাদ্য অধিদপ্তর কর্মকর্তা/কর্মচারী কল্যাণ কমিটি’ তহবিলের চাঁদা আদায়	কমিটির সভাপতি ও সাইলো অধীক্ষক সকলকে জানান যে, খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণে ‘বাংলাদেশ খাদ্য অধিদপ্তর কর্মকর্তা/কর্মচারী কল্যাণ কমিটি’ নামে একটি তহবিল গঠন করা আছে। উক্ত তহবিলে সকল কর্মকর্তা/কর্মচারীর ১(এক) দিনের মূল বেতনের অর্ধেক টাকা বাৎসরিক চাঁদা হিসেবে ধার্য করা আছে; যা প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে তহবিলের ব্যাংক হিসাবে জমা করার কথা। অত্র দপ্তরের ২০২১-২০২২, ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ অর্থবছরের বকেয়া চাঁদা দ্রুত সময়ে আদায় করে প্রেরণের বিষয়ে বিষদ আলোচনা করা হয়।	সকল শাখার শাখা প্রধানগণকে তাদের আওতাধীন সকলকে তাগিদ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	হিসাব রক্ষক, ক্যাশ শাখা
৩	কর্মপরিবেশ উন্নয়ন	অত্র দপ্তরের অফিস ভবনের সামনে ২টি ফুলের বাগান নিয়মিত পরিচর্যা করার বিষয়ে আলোচনা করা হয়।	ফুল বাগানে রক্ষিত গাছগুলোর নিয়মিত পানি দেওয়া এবং পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।	অফিস সহায়ক

সভাপতি খাদ্য অধিদপ্তরের ভাবমূর্তি উজ্জ্বল করতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ১৭/০১/২০২৪  
 মোঃ নাজিম উদ্দীন  
 সাইলো অধীক্ষক


ও  
 আস্থায়ক, নৈতিকতা কমিটি  
 নারায়ণগঞ্জ সাইলো  
 ফোনঃ ০২-৯৯৭৭৪৪৮০৯

ই-মেইল: silo.ngj@dgfood.gov.bd  
  
 তারিখ: ১৭/০১/২০২৪ খ্রি.


স্মারক নং- ১৩.১০.০০০০.০০২.০৬.৮৬০.১৭-(অংশ-২)-২৩৫(৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। মহাপরিচাক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ০২। অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ০৩। রক্ষণ প্রকৌশলী, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ;
- ০৪। সহকারী রক্ষণ প্রকৌশলী, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ;
- ০৫। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ;
- ০৬। দপ্তর কপি।

  
 ১৭/০১/২০২৪  
 সাইলো অধীক্ষক

নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।

  
 ১৭/০১/২০২৪